# রূপগঞ্জে মেধাবী শিক্ষার্থীদের মাঝে উৎসবমুখর পুরস্কার বিতরণ



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার ভুলতা এলাকায় অবস্থিত ইকরা কিন্ডারগার্ড স্কুলে মেধাবী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৩ অক্টোবর) সকাল ১১টায় প্রধান শিক্ষক মোহাম্মদ শফিকুল ইসলাম দুই শতাধিক মেধাবী শিক্ষার্থীর হাতে পুরস্কার তুলে দেন। এই পুরস্কার বিতরণ শ্রেণী পাঠ মূল্যায়নের ভিত্তিতে করা হয়।

প্রধান শিক্ষক মোহাম্মদ শফিকুল ইসলাম বলেন, “প্রতি তিন মাস পরপর প্লে থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের শ্রেণী পাঠ মূল্যায়ন করা হয়। এর মাধ্যমে শিক্ষার্থীদের পড়াশোনার প্রতি মনোযোগ বৃদ্ধি পায়। আমাদের স্কুলে এক হাজারেরও বেশি শিক্ষার্থী রয়েছে।”

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শফিকুর রহমান, সহকারী প্রধান শিক্ষক হালিমা খাতুন, রুমানা আক্তার রুমি, সুলতানা রাজিয়া, মারি আক্তার, মইন উদ্দিন, মুনমুন আক্তার ও অন্যান্য শিক্ষকবৃন্দ।

শিক্ষার্থীদের অভিভাবকরা শিক্ষার মান উন্নয়নের জন্য শিক্ষকদের ধন্যবাদ জানান।